



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী কলেজ, রাজশাহী।

e-mail: rcadmsn@gmail.com website: <http://rc.gov.bd/> <http://rc.edu.bd/>
online news portal: <http://rc.edu.bd/rcbarta>

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১১৫৬

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ ব:
২৮ আগস্ট ২০২৫ খ্রি.

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্লিপের
অনলাইন আবেদন সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্লিপের অনলাইন আবেদন ২৮/০৮/২০২৫ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ০৯/০৯/২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষায় যে সকল আবেদনকারী ন্যূনতম ৩৫ নম্বর পেয়ে উত্তীর্ণ হয়েছে কিন্তু ক) মেধা তালিকায় স্থান পায়নি খ) মেধা তালিকায় স্থান পেয়েও ভর্তি হয়নি গ) ১ম/২য়/কোটা/মেধা তালিকায় ভর্তি হয়ে পরবর্তীতে ভর্তি বাতিল করেছে, সে সকল আবেদনকারীকে মেধা তালিকায় স্থান পেতে অবশ্যই ১ম রিলিজ প্লিপে আবেদন করতে হবে। উল্লেখ্য যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ১ম/২য়/কোটা মেধা তালিকায় ভর্তিকৃত কোন শিক্ষার্থী ১ম রিলিজ প্লিপে আবেদন করতে ইচ্ছুক হলে, তাকে অবশ্যই ০৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী ভর্তি বাতিল করে রিলিজ প্লিপে আবেদন করতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট ওয়েবসাইট Prospectus (Honours)/Important Notice অপশন থেকে জানা যাবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্লিপের অনলাইন আবেদন নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী সম্পন্ন করতে হবে।

ক্রমিক	বিবরণ	তারিখ
ক)	২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে ১ম রিলিজ প্লিপে অনলাইন আবেদন করার তারিখ: ■ রিলিজ প্লিপে আবেদনের জন্য আবেদনকারীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের www.nu.ac.bd/admissions) Applicant's Login অপশনে Honours Login লিংকে গিয়ে Application ID ও পিন এন্ট্রি দিতে হবে। এক্ষেত্রে আবেদনকারীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ প্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। ■ এ পর্যায়ে আবেদনকারী বিভাগ ও জেলাভিত্তিক College Selection Option এ গিয়ে যে কোন কলেজ Select করলে ঐ কলেজে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ে শূন্য আসনের তালিকা দেখতে পাবে। আবেদনকারীকে প্রতিটি কলেজের ক্ষেত্রে বিষয়ভিত্তিক শূন্য আসনের তালিকা থেকে তার ভর্তি যোগ্য (Eligible) বিষয়ের পছন্দক্রম নির্ধারণ করে এন্ট্রি দিতে হবে। এভাবে একজন আবেদনকারীকে পর্যায়ক্রমে তার পছন্দ অনুযায়ী পাঁচটি কলেজে বিষয় পছন্দক্রম নির্ধারণ করে রিলিজ প্লিপের আবেদন ফরম পূরণ করতে হবে। ■ আবেদনকারীকে রিলিজ প্লিপের আবেদন ফরমটি ডাউনলোড করে অফসেট সাদা কাগজে প্রিন্ট/পিডিএফ কপি সংগ্রহ করতে হবে তবে এই ফরমটি আবেদনকৃত কলেজে জমা দিতে হবে না এবং আবেদনকারীকে কোন ফি প্রদান করতে হবে না। ■ রিলিজ প্লিপের আবেদন সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে নিশ্চয়ন করতে হবে না।	২৮/০৮/২০২৫ থেকে ০৯/০৯/২০২৫

স্বাঃ
অধ্যক্ষ

রাজশাহী কলেজ, রাজশাহী

স্মারক নং: ৩৭.০২.৮১২২.১০১.২৫. ১১৫৬ (৬৫)

তারিখ: ১৩ ভাদ্র ১৪৩২ ব:
২৮ আগস্ট ২০২৫ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। উপাধ্যক্ষ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ২। আহ্বায়ক ও সদস্যবৃন্দ, ১ম বর্ষ অনার্স ভর্তি কমিটি ২০২৪-২০২৫, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৩। ক্যাশিয়ার, রাজশাহী কলেজ, রাজশাহী;
- ৪। সংরক্ষণ নথি।

অধ্যক্ষ ২৮/০৮/২০২৫
রাজশাহী কলেজ, রাজশাহী
২৮/০৮/২০২৫